




মুজিব শতবর্ষ আইডিয়া প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের তিনটি আইডিয়া
শীর্ষ ১০০ এর মধ্যে অবস্থান



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মশতবার্ষিকী, মুজিববর্ষ ও বাংলাদেশের সূবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের আয়োজনে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে গত ১০-১১ ডিসেম্বর দুই দিন ব্যাপী অনুষ্ঠিত হয়ে গেল চতুর্থ শিল্প বিপ্লব বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন- (International Conference on 4th Industrial Revolution and Beyond-IC4IR 2021)। এ সম্মেলনের সাথেই অনুষ্ঠিত হয়েছে উদ্ভাবনী ধারণা নিয়ে “মুজিব শতবর্ষ আইডিয়া প্রতিযোগিতা ২০২১”।

এই প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় হতে তিনটি আইডিয়া সেরা ১০০ এর মধ্যে অবস্থান করে নিয়েছে যার মধ্যে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ২টি এবং জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগের ১টি।

এ উপলক্ষে গতকাল (১২ ডিসেম্বর-২০২১, রবিবার) টেকনিক্যাল কমিটির পক্ষ থেকে উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এর হাতে IC4IR 2021 এবং মুজিব শতবর্ষ আইডিয়া-২০২১ প্রতিযোগিতার স্মরণিকা হস্তান্তর করেন কম্পিউটার সায়েন্স এন্ড



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আবু লায়েক ও সহকারী অধ্যাপক জনাব সজীব সাহা। এ সময় মাননীয় উপাচার্য আগামী IC4IR 2023 জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে আয়োজন করার আশাবাদ ব্যক্ত করেন এবং সেই লক্ষ্যে এখন থেকেই কাজ শুরু করার নির্দেশনা প্রদান করেন।

উল্লেখ্য, গত ১০ ডিসেম্বর মুজিব শতবর্ষ আইডিয়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে শীর্ষ ১০০ আইডিয়াকে বিশ হাজার টাকা এবং সেরা দশ আইডিয়াকে দশ লক্ষ টাকা করে পুরস্কার প্রদান করা হয়।